দৈনিক সংবাদ

তারিখ 14 DEC 1993
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৩ ...

# নয়াদিল্লীতে ৯টি দেশের শিক্ষামন্ত্রীদের সম্মেলন

নয়াদিল্লী, ১৩ই ডিসেম্বর (বাসস)।– আগামী ২ হাজার সালের মধ্যে নিরক্ষরতা দূরীকরণে অভিন্ন কৌশল খুঁজে বের করার লক্ষ্যে বিশ্বের ৯টি অধিক জনসংখ্যা অধ্যুষিত দেশের শিক্ষামন্ত্রীরা আজ এখানে ৩ দিনব্যাপী এক বৈঠক শুরু করেছেন। এ ক'টি দেশে বিশ্বের অধিকাংশ নিরক্ষর লোকের বসবাস।

স্বাগতিক ভারত ও ইউনেস্কো, ইউনিসেফ এবং জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপি) যৌথভাবে আয়োজিত এই সম্মেলনে শিক্ষামন্ত্রীরা নিরক্ষরতার অভিশাপ থেকে তাদের নিজ নিজ দেশকে মুক্ত করে তাদের লক্ষ্য অর্জনে প্রাথমিক শিক্ষার ব্যাপারে তারা কিভাবে গুরুত্ব দিচ্ছেন তা ব্যাখ্যা করবেন। এই বৈঠকে আগামী ১৬ই ডিসেম্বর বিশ্বের ৯টি দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের এক দিনের শীর্ষ বৈঠকের প্রাক-সম্মেলন হিসেবে অনুষ্ঠিত হচ্ছে। এই বৈঠকে শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বাংলাদেশপ্রতিনিধিদলের নেতৃত্বদিচ্ছেন।